

নিরাশা-অধিরারে
 আশারে তরবারে
 কর রে কর ভিন্,
 হাসিবে সুখদিন ।

তাজমহল

নিবলো যখন প্রাণ শিখাটী রাজ্ অধিরাজ কায় হীনা সে	তাজ্বেগমের রাজ মহালে, দিল্ ঘরেতে তাজ্ বহালে ।
তাজ মহিষীর বিশ্ব রাণীর স্বপ্নে আসি “চাই যে হিয়ার	আত্মা হারায় বক্ষ মাঝে ; বলে রাজায়, বন্দী তাজে ।”
রাজ দরদী “আত্মা চাহ নয়ত শুধু চলব জীবন	বলে হাসি, কায় যে চাহি আত্মা নিয়েই পথ যে বাহি

“কাল প্রভাতে”	বলে রাণী
“তুলুব গড়ে	মূর্তিটা তা’র
আত্মা তাজের	তায় হে দানি’
রাখবে রাজা	বাক্য তোমার।”
• বিশ্ব ভেদি	উঠল রে এই
তাজ মহলের	স্বর্ণ ছবি,
ইট পাথরে	প্রাণ যে হাসে,—
প্রাণ সে তোমার	দান্ হে করি।
বিশ্ব জাগে	সূর্য রাগে,
চোখ মেলে চায়	তাজমহালে ;
দেখলো তাজের	মূর্তি একই
তাজমহলে	রাজ মহালে।

শ্রীনিত্যানন্দ ভট্টাচার্য
প্রথম বার্ষিক শ্রেণী

আবির্ভাব

শ্রীআশুতোষ বন্দ্যোপাধ্যায়।

ফাষ্ট ইয়ার—আর্ট—সেকশন ‘ই’—রোল—৪৯

হে আমার নয়নের আলো,

উতল বাদল-সংখে আসিয়াছ আজি

ভুবন-ভুলানোরূপে, একি সাজে সাজি?—